গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

মুজিব শতবর্ষ

বিষয়ঃ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের এপিএ টিমের জানুয়ারি/২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. গাজী মোঃ সাইফুজ্জামান অতিরিক্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
তারিখ	:	০৭ জানুয়ারি ২০২১
স্থান	:	অতিরিক্ত সচিবের অফিস কক্ষ
সময়		সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত "ক" দ্রষ্টব্য।

০২। সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন সেক্টর হতে ০১ জুলাই থেকে ৩০ নভেম্বর ২০২০ পর্যন্ত প্রাপ্ত অর্জনসমূহের বিষয়ে উপসচিব প্রশাসন-০১ অধিশাখা সভায় উপস্থাপন করেন।

০৩। বার্ষিক কর্মসম্পাদন সূচকের অনুচ্ছেদ ১.১.১ অনুযায়ী জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন ৫৩০ এর মধ্যে ১৯৫টি পরিদর্শনপূর্বক জারি করা হয়েছে, অনুচ্ছেদ-১.১.২ অনুযায়ী ফাস্টট্র্যাক প্রকল্পের মধ্যে ৬২% পরিদর্শন করা হয়েছে, অনুচ্ছেদ ১.১.৪ অনুযায়ী অন-লাইন প্রকল্প মনিটরিং ৮০টির মধ্যে ৪৬ টি সভা অনুষ্ঠিত হয়েছে, অনুচ্ছেদ ১.৪.১ অনুযায়ী জারিকৃত প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (পিসিআর) ১৬০টির মধ্যে পরিদর্শনপূর্বক জারিকৃত সংখ্যা ৪৩টি, অনুচ্ছেদ ১.৭.১ অনুযায়ী আয়োজিত ভিডিও কনফারেন্সিং ১৫টির মধ্যে ০২টি অনুষ্ঠিত হয়েছে, অনুচ্ছেদ ১.৮.১ অনুযায়ী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ১০টির মধ্যে অংশগ্রহণ ০৯টি সম্পন্ন হয়েছে।

০৪। সভায় সিপিটিইউর উপপরিচালক জানান যে, বার্ষিক কর্মসম্পাদন সূচকের অনুচ্ছেদ ২.২.১ অনুযায়ী দীর্ঘমেয়াদী এবং অনুচ্ছেদ ২.২.২ অনুযায়ী স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোভিড-১৯ এর কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী নভেম্বর/২০২০ পর্যন্ত অর্জন কম হয়েছে। আগামী জুন/২০২১ সালের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সম্ভব হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

০৫। অনুচ্ছেদ ২.১.১ অনুযায়ী ই-নথিতে ৮০% নোট নিষ্পত্তির বিষয়ে সভাপতি ও উপস্থিত সদস্যবৃন্দ এ বিভাগের সিনিয়র প্রোগ্রামার, প্রোগ্রামার এবং ই-নথি ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর নির্দেশিকা ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মূল্যায়ন প্রক্রিয়া অনুযায়ী কার্যসম্পাদন করা এবং এ বিভাগের ইন্টারনেট Mbps এর গতি আরো বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা, অনুচ্ছেদ ৩.১.১ অনুযায়ী ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রয় কার্যক্রম সম্পাদন, অনুচ্ছেদ ৩.২.২ অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত, অনুচ্ছেদ ৩.৩ অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়নের বিষয়ে বছরের শুরুতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার অনুমোদন সাপেক্ষে অর্ধবার্ষিকী (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত) লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহ ১৪ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে APAMS সফটওয়্যারের মাধ্যমে এন্ট্রিপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করেন।

০৬। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকের অনুচ্ছেদ ২.২.১ অনুযায়ী দীর্ঘমেয়াদী এবং অনুচ্ছেদ ২.২.২ অনুযায়ী স্বল্পমেয়াদী প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

(খ) অনুচ্ছেদ ২.১.১ অনুযায়ী ই-নথিতে ৮০% নোট নিষ্পত্তির বিষয়ে এ বিভাগের সিনিয়র প্রোগ্রামার জনাব মুহাম্মদ মশিউর রহমান, প্রোগ্রামার জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন এবং ই-নথি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নাজনীন নাহার কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-২০২০-২১ এর নির্দেশিকা ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মূল্যায়ন প্রক্রিয়া অনুযায়ী শতভাগ অর্জন নিশ্চিত করে উপযুক্ত প্রমাণকসহ নির্ধারিত সময়ে প্রতিবেদন দাখিল করতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

(গ) এ বিভাগের সকল ব্লকে ইন্টারনেট কানেকশন নিশ্চিত করার পাশাপাশি ইন্টারনেট গতি (Mbps) বৃদ্ধি করার বিষয়ে আইটি উইং কর্তৃক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) অনুচ্ছেদ ৩.১.১ অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রয় কার্যাদি শীঘ্রই সম্পাদন করতে হবে;

(ঙ) অনুচ্ছেদ ৩.২.২ অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের ডিজিটাইজিং ইমপ্লিমেন্টেশন মনিটরিং এন্ড পাবলিক প্রকিউরমেন্ট প্রজেক্ট (ডিআইএমএপিপিপি) এবং "CDMRI-ECBSS" প্রকল্প ০২টির পরিদর্শনপূর্বক সুপারিশ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(চ) অনুচ্ছেদ ৩.৩ অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের বিষয়ে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ছ) বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার অনুমোদন সাপেক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ অর্থবছরের অর্ধবার্ষিকী (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত) লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহ ১৪ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে APAMS সফটওয়্যারের মাধ্যমে এন্ট্রিপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৭। পরিশেষে অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-১০/০১/২০২১
(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

নথি নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২২.২০(অংশ-১)•৩৮

তারিখ: ২৬ পৌষ ১৪২৭ / ১০ জানুয়ারি ২০২১

<u>অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা}।
২. প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬. উপসচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮. জনাব মুহাম্মদ মশিউর রহমান, সিনিয়র প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি।
৯. জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি।
১০. জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার ও ই-নথি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি।
১১. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

১০/০১/২০২১
(মোহাম্মদ আরিফুর রহমান)
উপসচিব
ফোন:-৪৮১১৮৮২৮

E:\AO-3\APA\APA_2020-2021\APA 2020-2021, IMED\APA Resolution 2020-21.docx